BAPEX

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
কোম্পানি সচিবালয়
বোর্ড উপবিভাগ
বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

বিষয় : নভেম্বর, ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার স্থান : বাপেক্স বোর্ড রুম

তারিখ ও সময় : ২৪ নভেম্বর, ২০২৪ সকাল ১১.০০ টা

সভাপতি : জনাব মোঃ শোয়েব, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | জিওবি অর্থায়নে প্রকল্প গ্রহণ | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র-২ কূপ খনন" শীর্ষক প্রকল্পের DPP-তে কতিপয় Technical correction থাকায় সেটি সংশ্লিষ্ট বিভাগকে দেওয়া হয়েছে এবং Correction পাওয়ার পর তা সংশোধনপূর্বক পরবর্তীতে পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করা হবে।<br>মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিস) জামালপুর-১ কূপ খননের জন্য প্রয়োজনীয় ADDITIVES এর ব্যপারে জানান যে, বাপেক্স এর ADDITIVES নিয়ে কাজ শুরু হয়েছে। ওয়েল সার্ভিস বিভাগ হতে ইতোমধ্যে ১৪টি NOWA দেওয়া হয়েছে। Performance Gaurantee (PG) প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।<br>ব্যবস্থাপনা পরিচালক সুনেত্র-২ সংক্রান্ত কার্যপত্রের বিষয়ে জানতে চাইলে মহাব্যবস্থাপক (ভূপদার্থ) জানান যে, পর্ষদ সভার সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করা হবে।<br>ব্যবস্থাপনা পরিচালক কার্যপত্রে অতিরিক্ত রেফারেন্স না দেয়ার জন্য পরামর্শ প্রদান করেন এবং কার্যপত্র উপস্থাপনের পূর্বে মহাব্যবস্থাপকগণকে পুরো কার্যপত্র ভালোভাবে পড়ার নির্দেশনা প্রদান করেন। | (ক) বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র-২ কূপ খনন" শীর্ষক প্রকল্পের DPP আগামী পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) জামালপুর-১ কূপ খননের জন্য মালামালের তালিকা দ্রুত প্রস্তুতকরণ এবং দ্রুত সিমেন্ট এডিটিভস্ সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক ও এবং প্রকল্প ব্যবস্থাপক |
| ১.১ | ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপন | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, পুনঃপর্যালোচনাপূর্বক প্রণীত DPP জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে ২২.১০.২০২৪ তারিখে বাংলাদেশ পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। বর্তমানে এটি পরিকল্পনা উপদেষ্টা মহোদয়ের অনুমোদনের অপেক্ষায় রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | ক) পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (ভোলা নর্থ প্রসেস প্ল্যান্ট) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১.২ | ১টি Drilling Rig ক্রয় প্রসঙ্গে | মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, পর্যাপ্ত দরপত্র জমা না হওয়ায় রিগ এর মূল্য পুনর্নির্ধারণ করে দরপত্র প্রকাশের কার্যক্রম চলমান আছে। ব্যবস্থাপনা পরিচালক অধিক প্রতিষ্ঠান যেন অংশগ্রহণ করতে পারে সেজন্য উন্মুক্ত আন্তর্জাতিক দরপত্র আহ্বানের পরামর্শ প্রদান করেন। এ পর্যায়ে জনাব মোঃ রেজাউল হালিম, উপমহাব্যবস্থাপক, পরিকল্পনা উপবিভাগ রিগের বিষয়ে কারিগরি বিভাগসমূহের মহাব্যবস্থাপকগণকে নিয়ে সভা করার প্রস্তাব দিলে ব্যবস্থাপনা পরিচালক তাতে সম্মতি প্রদান করেন। | (ক) খনন বিভাগের সাথে আলোচনা সাপেক্ষে Rig এর Capacity/Range নির্ধারণ করতে হবে এবং অধিক সংখ্যক প্রতিষ্ঠান যেন দরপত্রে অংশগ্রহণ করতে পারে সে লক্ষ্যে উন্মুক্ত আন্তর্জাতিক দরপত্র আহবান করতে হবে।<br>(খ) রিগের বিষয়ে কারিগরি বিভাগসমূহের মহাব্যবস্থাপকগণকে নিয়ে সভা আয়োজন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |
| ১.৩ | গভীর কূপ খনন প্রকল্প | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, লিকুইডিটি সার্টিফিকেট প্রাপ্তির লক্ষ্যে পুনর্গঠিত DPP জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। এছাড়া বাপেক্সের গৃহীতব্য 5 Wells এর Feasibility Study IIFC এর মাধ্যমে সম্পাদন করার নির্দেশনা প্রদান করেন। | ক) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>(খ) বাপেক্সের গৃহীতব্য 5 Wells এর Feasibility Study IIFC এর মাধ্যমে সম্পাদন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ২ | বাপেক্সের ওয়ার্কওভার কাজের শিডিউল নির্ধারণ | মহাব্যবস্থাপক (খনন) সভায় জানান যে, তিতাস ১৫ ওয়ার্কওভার কাজের জন্য মালামালের তালিকা প্রস্তুতের লক্ষ্যে বাপেক্স এবং বিজিএফসিএল এর কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি কর্তৃক মালামালের তালিকা প্রস্তুতের কাজ চলমান আছে। এছাড়াও তিতাস-১৫ কূপ ওয়ার্কওভারের বিষয়ে Scope of Work নির্ধারণে বাপেক্স কর্তৃক GTO প্রণয়নের কাজ চলমান আছে। Scope of Work এর ভিত্তিতে পরবর্তীতে মালামাল ক্রয় করা হবে। বিজিএফএল হতে মালামালের তালিকা প্রাপ্তি সাপেক্ষে ক্রয় প্রক্রিয়া শুরু করা যাবে।<br>মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, কসবায় গুদাম তৈরি করার জন্য ইতোমধ্যে দরপত্র আহবান করা হয়েছে। দরপত্র মূল্যায়ন কাজে শেষে দ্রুত নির্মাণ কাজ শুরু করার আশাবাদ ব্যক্ত করেন।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বাপেক্সের ১০০ অনুসন্ধান/ওয়ার্কওভার শিডিউলের মধ্যে রূপগঞ্জ-১, হালদা, সেমুতাং-৬ ওয়ার্কভারের বিষয়ে পরিকল্পনা করার পরামর্শ প্রদান করেন। তিনি জকিগঞ্জ-১, ও ২ এর বিষয়ে পরবর্তীতে পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করার এবং ৫ টি কূপ খননের বিষয়ে EOI আহবানের কার্যপত্র উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন। | (ক) তিতাস ১৫ ওয়ার্কওভার কাজের জন্য দ্রুত সময়ের মধ্যে মালামাল ক্রয় সম্পন্ন করতে হবে।<br>(খ) কসবায় গুদাম তৈরির জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থানের লক্ষ্যে পরবর্তী পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে।<br>(গ) ৫০ কোটির মধ্যে দুইটি ওয়ার্কওভার সম্পাদন করা সম্ভব হলে পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে।<br>(ঘ) তিনি জকিগঞ্জ-১ ও ২ এর বিষয়ে পরবর্তীতে পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করার এবং ৫ টি কূপ খননের বিষয়ে EOI আহবানের কার্যপত্র উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩ | চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা এলাকায় ৩ডি সাইসমিক জরিপ কার্যক্রম সংক্রান্ত | উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ) বেগম সাবিহা আক্তার খানম জানান যে, চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে কার্যক্রম সংক্রান্ত Draft EOI এর কার্যপত্র প্রস্তুত করা হয়েছে। Feasibility Study এর কার্যক্রম শেষ হলে পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করা হবে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক ড্রাফট রিপোর্ট দেওয়ার পরামর্শ প্রদান করেন এবং পুর্বের ন্যায় fixed cost এবং প্রকল্পের ব্যয় বৃদ্ধি করা যাবেনা মর্মে অবহিত করেন।<br><br>**বাপেক্স এর ভবিষ্যত ২ডি/৩ডি সাইসমিক পরিকল্পনাঃ**<br>ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স এর ভবিষ্যত ২ডি/৩ডি সাইসমিক পরিকল্পনা সম্পর্কে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক, ৩ডি সাইসমিক Data Aquisition উপবিভাগ জানান যে আগামী মাঠ মৌসুমে বাপেক্স এর নিজস্ব কোন ৩ডি সাইসমিক উপাত্ত সংগ্রহের কোন কর্মসূচি নেই। আগামী মাঠ মৌসুমে সুবর্ণচর এবং শৈলকুপা এলাকায় বাপেক্স এর নিজস্ব জনবল ব্যবহার করে ২৫০০ বর্গ কিমি ৩ডি উপাত্ত সংগ্রহের লক্ষ্যে একটি প্রকল্প প্রস্তাবনা বিগত ১৮ নভেম্বর,২০২৪ তারিখে বাপেক্স বোর্ড রুমে বাপেক্স এর মহাব্যবস্থাপক বৃন্দের উপস্থিতিতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর উপস্থাপন করা হয়। এ প্রসঙ্গে মহাব্যবস্থাপক ভূপদার্থ জানান যে আগামী মাঠ মৌসুমে উপাত্ত সংগ্রহের লক্ষ্যে দ্রুত ফিজিবিলিটি স্টাডি করতঃ একটি প্রকল্প গ্রহণের মাধ্যমে উক্ত জরিপ কাজ পরিচালনা করা যেতে পারে। ২ডি সাইসমিক পরিকল্পনা এর জন্য সংশ্লিষ্ট উপবিভাগ কাজ করছে বলে সমন্বয় সভাকে অবহিত করেন। | (ক) পরবর্তী পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে।<br><br>(খ) সুবর্ণচর ও শৈলকুপা এলাকায় ২৫০০ বর্গ কিমি উপাত্ত সংগ্রহের লক্ষ্যে ব্যয় প্রাক্কলন ও Feasibility Study সম্পন্ন করতঃ বাপেক্স পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br>২। উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ) |
| ৪ | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) সভায় জানান যে, অডিট আপত্তিসমূহের জবাবসহ পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের জন্য একটি খসড়া কার্যপত্র প্রস্তুত করা হয়েছে। মিটিং এর জন্য প্রয়োজনীয় জবাব এবং কাগজপত্র প্রেরণ করা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | (ক) অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে একটি কার্যপত্র প্রস্তুত রাখতে হবে। | ১।উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা, ভারপ্রাপ্ত) |
| ৫ | অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম | ব্যবস্থাপনা পরিচালক অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম প্রয়োজনীয়তার নিরিখে করার পরামর্শ দেন। সাধারণ ভাবে একটি অর্গানোগ্রাম হওয়ার ৫ বছর পর নতুন অর্গানোগ্রাম প্রস্তুত করা হয়। বাপেক্সের নতুন অর্গানোগ্রাম এখনো ৫ বছর পূর্ণ হয়নি। তাই সম্পূর্ণ নতুন অর্গানোগ্রাম প্রস্তুত করতে গেলে Board Approve নাও করতে পারে। তাই যেসকল জায়গায় সমস্যা আছে বা যে কারণে একই ব্যাচের/একই সাথে যোগদানের পরও অনেকে প্রমোশন পাচ্ছেনা, যেসব ক্ষেত্রে বৈষম্য রয়েছে মর্মে প্রতীয়মান হয় সেসব ক্ষেত্রে সংশোধন এনে অর্গানোগ্রাম রিভাইজ করার পরামর্শ প্রদান করেন তিনি।<br>এ পর্যায়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) বাপেক্সে প্রমোশন | ক) কমিটির দাখিলকৃত অর্গানোগ্রাম বোর্ডে উপস্থাপন করতে হবে।<br><br>খ) প্রমোশন সংক্রান্ত মামলা অতিদ্রুত নিরসন করার ব্যবস্থা করতে হবে। | (ক) মহাব্যবস্থাপক (প্রশাসন)<br><br>(গ) মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব। |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | সংক্রান্ত জটিলতা এড়াতে বিদ্যমান মামলাসমূহ সমাধানের ব্যাপারে ব্যবস্থাপনা পরিচালকের দৃষ্টি আকর্ষণ করলে তিনি প্রমোশন জটিলতা এড়াতে মামলাগুলো সমাধানে সকলের সহযোগিতা কামনা করেন। | | |
| ৬ | রূপগঞ্জে বাপেক্সের অধিগ্রহণকৃত ভূমি স্থায়ীভাবে রেজিস্ট্রেশন | উপমহাব্যবস্থাপক (সংস্থাপন) সভায় জানান যে, বাপেক্স কর্তৃক রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর আওতাধীন রূপগঞ্জ এলাকায় গ্যাস কূপ খননের জন্য প্রায় ৩০০ শতক জমি অধিগ্রহণ করা হয়। ২০১৪ সালে দেশের ২৬তম গ্যাসক্ষেত্র হিসেবে রূপগঞ্জ গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয়। মজুদ শেষ হওয়ায় বর্তমানে গ্যাস উত্তোলন কার্যক্রম বন্ধ রয়েছে। তবে, ভবিষ্যতে আরো অনুসন্ধান কূপ খনন, ওয়ার্কওভার কূপ খনন ও সামগ্রিক স্বার্থে রূপগঞ্জে বাপেক্সের অধিগ্রহণকৃত জমি স্থায়ীভাবে রেজিস্ট্রেশন করা প্রয়োজন। তিনি আরো জানান যে, অতীতে উদ্যোগ গ্রহণ করা হলেও জমি স্থায়ীভাবে রেজিস্ট্রেশন করা সম্ভব হয়নি। তাই তিনি এ বিষয়ে দিক-নির্দেশনা কামনা করেন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক সর্বশেষ অগ্রগতি জানতে চাইলে মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, রূপগঞ্জ গ্যাসক্ষেত্রের ভূমির রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্নের নিমিত্তে রাজউককে যোগাযোগ করা হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে রেজিস্ট্রেশন করা যাবে বলে আশা প্রকাশ করেন। | (ক) রূপগঞ্জ এলাকায় অধিগ্রহণকৃত জমি স্থায়ীভাবে রেজিস্ট্রেশন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>(খ)উপমহাব্যবস্থাপক (সংস্থাপন) |
| ৭ | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করা | উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, বাপেক্স ভবনের নিরাপত্তা জোরদার করা হয়েছে। তিনি বাপেক্স ভবনের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে ভবনের বাহ্যিক সৌন্দর্যের সাথে সামঞ্জস্য রেখে নিরাপত্তা বেষ্টনী বা দেওয়াল আরো মজবুত করে নির্মাণের বিষয়টি পর্যালোচনা করে নকশা প্রণয়নের জন্য একটি কমিটি গঠনের প্রস্তাব করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | (ক) বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করতে হবে।<br>(খ) নির্মাণ বিভাগ ও সেবা উপবিভাগের সমন্বয়ে বাপেক্স ভবনের নিরাপত্তা বেষ্টনী বা দেওয়াল আরো মজবুত করে নির্মাণের ব্যবস্থা করতে হবে | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| ৮ | বিবিধ: | ১। নতুন যোগদানকৃত ট্রেইনি ড্রিলারদের BPI এ ১০ থেকে ২১ নভেম্বর, ২০২৪ তারিখে প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। International Well Control Forum (IWCF) সার্টিফিকেট কোর্স আয়োজনের জন্য পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন, নতুন যোগদানকৃত ব্যাচের জন্য Foundation Training প্রদানের লক্ষ্যে মহাব্যবস্থাপক (প্লানিং ও আইসিটি)-কে BPI-এর সাথে যোগাযোগ করে তালিকা তৈরি করার পরামর্শ প্রদান করেন এবং নতুন যোগদানকৃত ব্যাচের কর্মকর্তাদের জন্য Linux এর উপর Training আয়োজন করার নির্দেশনা প্রদান করেন। | (ক) নতুন যোগদানকৃত ট্রেইনি ড্রিলারদের দ্রুত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।<br>(খ) নতুন যোগদানকৃত ব্যাচের জন্য Foundation Training প্রদানের লক্ষ্যে BPI-এর সাথে যোগাযোগ করে তালিকা তৈরি করার করতে হবে এবং Linux এর উপর Training আয়োজন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ২। বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্রের অভ্যন্তরে নতুন প্রসেস প্লান্ট স্থাপনের জন্য স্থান নির্বাচনের লক্ষ্যে গত ১৯ নভেম্বর, ২০২৪ তারিখে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি অতিশীঘ্রই সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল কার্যক্রম চলমান আছে। ব্যবস্থাপনা পরিচালক নতুন প্রসেস প্লান্ট স্থাপনের জন্য স্থান নির্বাচনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশনা প্রদান করেন। | (ক) বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্রে অভ্যন্তরে নতুন প্রসেস প্লান্ট স্থাপনের জন্য স্থান নির্বাচনের করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন) |
| | | ৩। ৫০ কোটির মধ্যে দুইটি ওয়ার্কওভার সম্পাদন করা সম্ভব হলে পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে। | (ক) মালামাল ক্রয় ওয়ার্কওভার কাজে কূপ ভিত্তিক পৃথকভাবে/সমন্বিতভাবে হবে কিনা তার ভিত্তিতে কার্যপত্র প্রণয়ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |
| | | ৪। উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ) ও প্রকল্প পরিচালক জনাব তারিকুল ইসলাম বর্তমানে বাপেক্সের কোন সার্ভে কাজ না থাকায় নতুন করে সার্ভে কাজ শুরু করার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে ব্যবস্থাপনা পরিচালক সুবর্ণচর ও ফেনীতে ৩ডি সার্ভে করার জন্য পরামর্শ প্রদান করেন। উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ) বেগম সাবিহা আক্তার খানম জানান যে, সুবর্ণচরে ইতোমধ্যে একটি প্রকল্প নেয়া হয়েছে। তাই শুধুমাত্র ফেনী অঞ্চল যুক্ত করে প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন। | (ক) ফেনীতে অঞ্চলে সাইসমিক সার্ভে কাজ সম্পাদন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ) |

আলোচনার আর কোন বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/১২/২০২৪

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ......................................................,
বাপেক্স।

২) উপমহাব্যবস্থাপক ..................................................,
বাপেক্স।

৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্পব্যবস্থাপক..........................................,
বাপেক্স।

৪) অফিস কপি।